

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২৩৬

২৭/ আদব

পরিচ্ছেদঃ রাস্তার আদব

আরবী

عن بُرَيْدَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ فِي الْإِنْسَانِ سِتُّونَ وَثَلَاثُ مِائَةِ مَفْصِلٍ فَعَلَيْهِ أَنْ يَتَصِدَّقَ عَنْ كُلِّ مَفْصِلٍ مِنْهَا صَدَقَةً قَالُوا فَمَنْ الَّذِي يُطِيقُ ذَلِكَ يَا رَسُوْلَ اللهِ قَالَ النُّحَاعَةُ فِي الْمَسْجِدِ تَدْفِنُهَا أَوْ الشَّيْءُ تُنَحِّيهِ عَنْ الطَّرِيقِ فَإِنْ لَمْ تَقْدِرْ فَرَكْعَتَا الضَّحَى تُجْزِيُّ عَنْكَ

বাংলা

(৩২৩৬) বুরাইদাহ (রাঃ) কর্তৃক বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, মানবদেহে ৩৬০টি গ্রন্থি আছে। প্রত্যেক ব্যক্তির উপর ঐ প্রত্যেক গ্রন্থির পক্ষ থেকে দেয় সদকাহ রয়েছে। সকলে বলল, 'এত সদকাহ দিতে আর কে সক্ষম হবে, হে আল্লাহর রসূল?' তিনি বললেন, মসজিদ হতে কফ (ইত্যাদি নোংরা) দূর করা, পথ হতে কষ্টদায়ক বস্তু (কাঁটা-পাথর প্রভৃতি) দূর করা এক একটা সদকাহ। যদি তাতে সক্ষম না হও, তবে দুই রাকআত চাশতের নামায় তোমার সে প্রয়োজন পূর্ণ করবে।

ফুটনোট

(আহমাদ ২২৯৯৮, আবু দাউদ ৫২৪৫, ইবনে খুযাইমাহ, ইবনে হিব্বান, সহীহ তারগীব ৬৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবন হুসাইব আল-আসলামী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন